সংবাদ

তারিখ ... 12 OCT 2017 ... পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

# পাথরঘাটায় সেই মাদ্রাসা শিক্ষকের বিরুদ্ধে তদন্ত কমিটি

**প্রতিনিধি, পাথরঘাটা (বরগুনা)**

বরগুনার পাথরঘাটায় এক মাদ্রাসা শিক্ষকের বিরুদ্ধে একাধিক ছাত্রীকে কু-প্রস্তাব দেয়াসহ বিভিন্ন অভিযোগ পাওয়া গেছে। এঘটনায় ওই শিক্ষকের ব্যাপারে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। জানা গেছে, উপজেলার সদর ইউনিয়নের হাড়িটানা গ্রামের হাড়িটানা ছালেহিয়া দাখিল মাদ্রাসার এবতেদায়ি ধর্মীয় শিক্ষক আলমগীর মোল্লা পদ্মা গ্রামের মো. ইলিয়াসের ৭ম শ্রেণীর ছাত্রীকে প্রায়ই মাদ্রাসায় বসে কু-প্রস্তাব দিয়ে আসছিল। এক পর্যায়ে সম্প্রতি ওই ছাত্রীর বাড়িতে গিয়ে কু-প্রস্তাব দেয় উল্লেখিত শিক্ষক আলমগীর মোল্লা। পরে বাধ্য হয়ে ওই ছাত্রীর পিতা ইলিয়াস মাদ্রাসার ব্যবস্থাপনা কমিটি বরাবর একটি দরখাস্ত করেন। আলমগীর মোল্লার ব্যাপারে স্থানীয় একাধিক ব্যক্তিরা জানিয়েছেন, বর্তমান ঘটনার পূর্বে পদ্মা গ্রামের মো. কালু মিয়ার ৬ষ্ঠ শ্রেণীতে পড়ুয়া মেয়েকে কু-প্রস্তাব দেয় আলমগীর মোল্লা। এর আগেও বাদুরতলা গ্রামের মো. ছকাত আলীর ৯ম শ্রেণীতে পড়ুয়া মেয়েকে কু-প্রস্তাব দেয়াসহ শ্লীতাহানির চেষ্টা চালায়। সে সময় উক্ত ঘটনায় মামলা হলে আলমগীর মোল্লা সাময়িক বরখাস্ত হন। এছাড়াও আলমগীর মোল্লার ব্যাপারে অভিযোগ আছে সম্প্রতি সে পদ্মা গ্রামের জাহাঙ্গীর চৌকিদারের ৬ষ্ঠ শ্রেণীতে পড়ুয়া ছাত্রীকে আক্রোশমূলক বেধম মার-পিট করে। ইহার একবছর পূর্বে হাড়িটানা গ্রামের মো. আ. মান্নানের ছেলে ৪র্থ শ্রেণীতে পড়ুয়া ছাত্রকে ল্যাঠি দিয়ে চোখে আঘাত করে পরে ওই ছাত্রকে বরিশাল ও ঢাকায় চিকিৎসা করায়। উক্ত ঘটনায় মোটা অংকের টাকা জরিমানা দেয় আলমগীর মোল্লা। আলমগীর মোল্লার একের-পর এক অপ্রীতিকর ঘটনা ঘটানোসহ একাধিক ছাত্রীকে শ্লীলতহানির চেষ্টা ও কু-প্রস্তাব দেয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন ওই মাদ্রাসার ছাত্রছাত্রীদের অভিভাবকরা। এ ব্যাপারে ওই মাদ্রাসার ৭ম শ্রেণীতে পড়ুয়া ছাত্রীর পিতা মো. ইলিয়াস জানান, দীর্ঘদিন ধরে তার মেয়েকে মাদ্রাসায় বসে কু-প্রস্তাব দিয়ে আসছিল ধর্মীয় শিক্ষক আলমগীর মোল্লা এক পর্যায় সে বাড়িতে গিয়েও কু-প্রস্তাব দেয়। পরে বাধ্য হয়ে মাদ্রাসার ব্যবস্থাপনা কমিটি বরাবর দরখাস্ত করেন ইলিয়াস। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোস্তফা আলমের কাছে জানতে চাইলে তিনি বলেন, আমি বর্তমানে ছুটিতে আছি, কর্মস্থালে আসার পরে বিষয়টির ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করব। আলমগীর মোল্লার কাছে জানতে চাইলে তিনি এই প্রতিবেদকে বলেন, আপনার সঙ্গে বিষযটি নিয়ে সরাসরি কথা বলব।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
স্বাক্ষর